



মব কালচার নিয়ন্ত্রণে যুগোপযোগী আইন হবে: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

দেশে মব কালচার পুরোপুরি নিয়ন্ত্রণে আনতে বিদ্যমান আইন সংশোধন ও নতুন ধারা সংযোজনের উদ্যোগ নেওয়া হয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। একই সঙ্গে অনলাইন জুয়া, সাইবার ক্রাইম ও মানি লন্ডারিং প্রতিরোধে নতুন আইন প্রণয়নের কথাও জানান তিনি।

রোববার (১০ মে) রাজধানীর রাজারবাগ পুলিশ মিলনায়তনে ‘পুলিশ সপ্তাহ-২০২৬’ উপলক্ষে আয়োজিত প্রধানমন্ত্রীর বিশেষ কল্যাণ সভায় বিশেষ অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, গত দুই মাসে দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতির দৃশ্যমান উন্নতি হয়েছে। পরিস্থিতি আরও স্থিতিশীল রাখতে চিহ্নিত সন্ত্রাসী, চাঁদাবাজ ও মাদক কারবারীদের বিরুদ্ধে বিশেষ অভিযান অব্যাহত রয়েছে।

তিনি আরও বলেন, তথ্যপ্রযুক্তির বিস্তারের কারণে অপরাধের ধরন ও মাত্রা বদলে গেছে। আধুনিক অপরাধ দমনে পুলিশ সদস্যদের প্রযুক্তিনির্ভর প্রশিক্ষণ ও দক্ষতা বাড়ানো জরুরি, না হলে কাঙ্ক্ষিত সফলতা অর্জন কঠিন হবে।

মন্ত্রী জানান, জুয়া, অনলাইন জুয়া, সাইবার অপরাধ ও অর্থপাচার রোধে যুগোপযোগী আইন তৈরির জন্য ইতোমধ্যে একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির সুপারিশ অনুযায়ী নতুন আইন প্রণয়ন করা হবে বলেও জানান তিনি।